

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৪০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের ফযীলত

আরবী

وَعَنْ سَلْمَانَ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ غَدَا إِلَى صَلَاةِ الصُّبْحِ غَدَاً بِرَأْيَةِ الْإِيمَانِ وَمَنْ غَدَا إِلَى السُّوقِ غَدَاً بِرَأْيَةِ إِبْلِيسَ». رَوَاهُ ابْنُ مَاجَهَ

বাংলা

৬৪০-[১৭] সালমান (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে লোক ভোরে ফজরের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের জন্য গেল সে লোক ঈমানের পতাকা উড়িয়ে গেল। আর যে লোক ভোরে বাজারের দিকে গেল সে লোক ইবলীসের (শায়ত্বনের (শয়তানের)) পতাকা উড়িয়ে গেল। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : ইবনু মাজাহ্ ২২৩৪। কারণ এর সানাদে ‘আবীস ইবনু মায়মূন রয়েছে যাকে ইমাম বুখারীসহ আরো অনেকে “মুনকিরুল হাদীস” হিসেবে অবহিত করেছেন। আর ইবনু হিব্বান বলেছেন যে, সে বিশ্বস্ত রাবী থেকে ধারণার ভিত্তিতে বানোয়াট হাদীস বর্ণনা করে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি ভোরবেলা ঘুম থেকে উঠে ফাজরের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের উদ্দেশে মসজিদে যাওয়া ইসলামের নিদর্শনসমূহ প্রকাশের নিদর্শন। আর ভোরবেলা ঘুম থেকে উঠে বাজারের দিকে শায়ত্বনের (শয়তানের) পতাকা উত্তোলন করে নিজের দীনকে অপমানিত করার প্রমাণ। আর এ ব্যক্তি শায়ত্বনের (শয়তানের) দলভুক্ত কর্মী। তবে কেউ যদি হালাল রিয়ক (রিজিক/রিযিক) উপার্জনের উদ্দেশে আল্লাহর আনুগত্যের কাজ সম্পন্ন করে এবং ‘ইবাদাতের জন্য পিঠকে সোজা রাখা তথা খাদ্য অর্জনের উদ্দেশে কিংবা শিক্ষাবৃত্তি থেকে বাঁচতে বাজারে যায় তাহলে সে আল্লাহর দলেই থাকবে। এ হাদীস দ্বারা আরো বুঝা যায় যে, কোন জরুরী প্রয়োজন ছাড়া বাজারে যাওয়া উচিত নয়। কারো মতে, এ হাদীসে বর্ণিত “বাজারে গমনকারী ব্যক্তি ইবলীসের পতাকা হাতে সকাল করল” সেই ব্যক্তি যে ভোরে ফাজরের (ফজরের) সালাত আদায় না করে বাজারে

যায়।

হাদিসের মান: **যঈফ (Dai'f)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55197>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন